

চিকিৎসায় অবহেলার অভিযোগ

ডাঃ বিঃ শিক্ষক দিলীপ কুমার মারা গেছেন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত ও পালি বিভাগের অধ্যাপক ডঃ দিলীপ কুমার ভট্টাচার্য গতকাল বৃহস্পতিবার ভোরে ঢাকা হৃদযন্ত্রসহায় হাসপাতালে মৃত্যুবরণ করেছেন। তিনি ডায়াবেটিকসহ বিভিন্ন রোগে ভুগছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫২ বছর। অধ্যাপক ভট্টাচার্য চিরকুমার ছিলেন।

প্রয়াত অধ্যাপকের ছাত্রছাত্রী ও সহকর্মীদের শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে তার মরদেহ গতকাল সকালে প্রথমে জগন্নাথ হলের উপাসনালয় প্রাঙ্গণে, এরপর সরকারি কলা ভবনের সামনে রাখা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, প্রক্টর, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও অধ্যাপকগণ, ছাত্রছাত্রী, কর্মকর্তা, কর্মচারী শেষ শ্রদ্ধা জানান।

অভিযোগ : অধ্যাপক ডঃ দিলীপ কুমার ভট্টাচার্যের মৃত্যুর জন্য বারডেম হাসপাতাল কর্তৃপক্ষের অবহেলা ও অব্যবস্থাকে দায়ী করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও শিক্ষকগণ।

যিনি সারাজীবনের উপার্জন ব্যয় করেছেন অনাথ, দুঃখী, গরিবদের জন্য, মাত্র সাড়ে ৫ হাজার টাকা পরিশোধ করতে না পারায় দীর্ঘ ৬ ঘণ্টা তিনি চিকিৎসা থেকে বঞ্চিত ছিলেন মৃত্যুর আগে।

অসুস্থ অবস্থায় গত মঙ্গলবার ডঃ ভট্টাচার্যকে প্রথমে বারডেম হাসপাতালে ভর্তি করা হয়।